

## ইজরায়েল সফরে প্রধানমন্ত্রী (জুলাই ৪-৬, ২০১৭)

- ১) ইজরায়েল রাষ্ট্রের প্রধানমন্ত্রী মহামান্য বেঞ্জামিন নেতানিয়াহু'র আমন্ত্রণে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ইজরায়েল সফর করবেন ৪-৬ জুলাই ২০১৭। এটা কোনও ভারতীয় প্রধানমন্ত্রীর প্রথম ইজরায়েল সফর।
- ২) সফরকালে প্রধানমন্ত্রী ইজরায়েল প্রধানমন্ত্রী নেতানিয়াহুর সঙ্গে দু'দেশের পারস্পরিক স্বার্থজনিত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করবেন। এছাড়াও প্রেসিডেন্ট রিভলিনের সঙ্গে সাক্ষাৎ করবেন। হাইফাতে ভারতীয় সেনাদের কবরস্থানে গিয়ে তাঁদের প্রতি শ্রদ্ধা জানাবেন এবং তেল আভিভে এক অনুষ্ঠানে ভারতীয় সম্প্রদায়ের উদ্দেশ্যে বক্তব্য রাখবেন।
- ৩) ১৯৯২ সাল থেকে ইজরায়েলের সঙ্গে ভারতের কূটনৈতিক সম্পর্ক বিদ্যমান। দু'দেশের মধ্যে সম্পর্ক বহুমাত্রিক অংশীদারিত্বের পর্যায়ে উন্নীত হয়েছে। এই বছর উভয় দেশ তাদের কূটনৈতিক সম্পর্কের ২৫ বছর উদ্যাপন করছে। এবং প্রধানমন্ত্রীর এই সফর দু'দেশের পারস্পরিক স্বার্থজনিত দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও মজবুত করবে।

নয়াদিল্লি

জুন ২৮, ২০১৭